দৈনিক ইত্তেফাক

তারিখ 12 JAN 1995
পৃষ্ঠা ৩ কলাম ৭

# যশোর বোর্ডে বিজ্ঞানের ছাত্রীদের মেধা তালিকা পরিবর্তন

বরিশাল অফিস ।। যশোর বোর্ডের এইচএসসি পরীক্ষার বিজ্ঞান বিভাগের ছাত্রী মেধা তালিকার পরিবর্তন করা হইয়াছে। ২০শে ডিসেম্বর ফলাফল ঘোষণার সময় বরিশাল সরকারী মহিলা কলেজের ফল অপ্রকাশিত থাকায় পরবর্তীতে ঐ মেধা তালিকা পরিবর্তনের প্রয়োজন হয়। নূতন মেধা তালিকায় ঐ কলেজের ৪ জন কৃতীছাত্রী স্থান দখল করিয়াছে। তন্মধ্যে তৃতীয় স্থান দখল করে ইসরাত জাহান, ৪র্থ নাজমা পারভীন (১০১০২৮), ৭ম শাকিলা শারমীন ও ৮ম নাহিদা আফরোজ। পরীক্ষা নিয়ন্ত্রক জানান মার্কশীট বোর্ডে পৌছার পর এই মেধা তালিকা নূতনভাবে তৈরী হইয়াছে।